

নং-২৩.২২.০০০০.০০০.০১৪.৩২.০০০৬.২৫-২৯৬


তারিখ: ১২ ফাল্গুন ১৪৩২  
২৫ ফেব্রুয়ারি ২০২৬

### বিজ্ঞপ্তি

সামরিক অফিসার আবাসিক প্রকল্পে প্লট/ফ্ল্যাট এর হস্তান্তর কার্যক্রমে সরকারি অনুমোদন প্রদানের পর সম্ভাব্য অনাকাঙ্ক্ষিত জটিলতা পরিহার, যথাযথ সরকারি রাজস্ব আদায়, ক্রেতা-বিক্রেতার স্বার্থ সংরক্ষণ ও যৌক্তিক সময়ের মধ্যে পরবর্তী কার্যক্রম নিশ্চিতকল্পে ভেটিং এর নিমিত্ত খসড়া দলিল দাখিল ও ভেটিংকৃত খসড়া দলিল রেজিস্ট্রেশনের বিষয়ে ১২ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত ডিওএইচএস সেন্ট্রাল কমিটির ৬১তম সভার আলোচ্যসূচি: ২.৭ এর সিদ্ধান্ত বিবেচনায় নিয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হলো এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রকাশ হলো:

- (ক) প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরে সরকারি অনুমোদনপত্র জারির তারিখ হতে পরবর্তী সর্বোচ্চ ০২(দুই) মাসের মধ্যে খসড়া দলিল ভেটিং এর নিমিত্ত দাখিল এবং ভেটিংকৃত খসড়া দলিল মোতাবেক ইজারা গ্রহিতা/বিক্রেতা কর্তৃক প্রস্তাবিত ক্রেতার অনুকূলে রেজিস্টার্ড দলিলের মাধ্যমে চূড়ান্ত হস্তান্তর সম্পন্ন করতে হবে;
- (খ) ভেটিংকৃত খসড়া দলিলে বর্ণিত প্লট/ফ্ল্যাট রেজিস্ট্রেশনের পূর্বে ইজারা গ্রহিতা/বিক্রেতা মৃত্যুবরণ করলে পুন:রায় সরকারি অনুমোদন গ্রহণসহ খসড়া দলিলের ভেটিং করতে হবে।

২.০ জনস্বার্থে জারিকৃত উপর্যুক্ত নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে।

  
(শামীম আহমেদ)  
মহাপরিচালক  
ফোন: ৮৭১১৫১০  
ই-মেইল: dg@dmlc.gov.bd

বিতরণ:

- ১। সচিব  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
গণভবন কমপ্লেক্স  
শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। সেনাসদর/নৌসদর/বিমান সদর  
ঢাকা সেনানিবাস।
- ৩। সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক  
সেন্ট্রাল/ইন্টার্ন/নর্দার্ন সার্কেল  
ঢাকা/চট্টগ্রাম/বগুড়া সেনানিবাস।
- ৪। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার  
ঢাকা/চট্টগ্রাম/সাভার/কুমিল্লা/যশোর সেনানিবাস।
- ৫। প্রেসিডেন্ট  
বনানী/মহাখালী/বারিধারা/মিরপুর/সাভার/চট্টগ্রাম/যশোর ডিওএইচএস পরিষদ  
ঢাকা/চট্টগ্রাম/সাভার/যশোর সেনানিবাস।